ভিক্টোরিয়ার কাছে হোঁচট খেল আবাহনী

স্পোর্টস রিপোর্টার

৭ম রাউন্ড পর্যন্ত দুর্বার আবাহনী ভালই পিছু নিয়েছিল মোহামেডানের। বিকেএসপি'র কাছে ১ পয়েন্ট হারানো ছাড়া অবশিষ্ট ৬ ম্যাচে কোন প্রতিপক্ষকে আমল দেয়নি ডিফেন্ডিং চ্যাম্পিয়নরা। কিন্তু শিরোপা অক্ষুণ্ন রাখার মিশনে বড় হোঁচট খেয়েছে তারা ভিক্টোরিয়ার কাছে। টানা ৫ ম্যাচে হেরে অস্তিত্ব বিপন্ন প্রায় ভিক্টোরিয়ার, ৭ম রাউন্ড পেগাসাসকে হারিয়ে রেলিগেশনের শঙ্কা কাটানো ভিক্টোরিয়া গতকাল আবাহনীকে ৪ উইকেটে হারিয়ে দিয়ে সুপার লীগের স্বপ্ন দেখছে এখন।

টসে জিতে ব্যাটিংয়ের সিদ্ধান্ত কাল হয়ে দাঁড়িয়েছে আবাহনীর। মিরপুর স্টেডিয়ামের শ্লো বাউন্সি উইকেটে ভিক্টোরিয়ার দুই পেস বোলার শাহাজাদা এবং রুবেলের তোপের মুখে পড়ে শুরুতেই ব্যাকফুটে নেমেছে আবাহনী। স্কোরশিটে ৫৬ রান উঠতে ৪ ব্যাটসম্যানকে হারিয়ে দিশেহারা আবাহনীকে ধ্বংসস্তূপ থেকে টেনে তুলতে পারেনি কোন ব্যাটসম্যান। প্রতিরোধ গড়ার সাধ্যমত চেষ্টা করেছে আবাহনীর লোয়ার অর্ডার আরাফাত সানি (২৫ অপঃ), জাতীয় দলের ওপেনিং ব্যাটসম্যান শাহরিয়ার নাফিস মিডল অর্ডারে মানানসই নয়, আবাহনী টিম ম্যানেজমেন্টকে জানিয়ে দিয়েছেন তা। ৫ম জুটির ৩৬ এবং শেষ পার্টনারশিপের ২৭'র কল্যাণে ১৬৩তে থমকে দাঁড়িয়েছে ডিফেন্ডিং চ্যাম্পিয়নরা।

আবাহনীর ব্যাটসম্যানদের রানের জন্য ধুঁকতে হয়েছে মূলত ভিক্টোরিয়ার তিন স্পিনার রিয়াদ (১০-২-২১-২), সাকলায়েন সজীব (১০-১-২৯-১) এবং এনামুল জুনিয়রের (৫-০-১৬-১) বোলিংয়ে। ডান হাতি বাঁহাতি স্পিন কম্বিনেশনে বোলিং ভেরিয়েশনে ভিক্টোরিয়া বিপর্যস্থ করে তুলেছে আবাহনীকে।

আবাহনীর জবাব দিতে এসে দ্বিতীয় ওভারে ওপেনিং ব্যাটসম্যান কায়সার ইকবালকে হারিয়ে স্তম্ভিত ভিক্টোরিয়া অফিসিয়ালদের আশ্বস্ত করেছে মিডল অর্ডার ফরহাদ হোসেন (৫৩)। এক এন্ড আগলে রেখে তিনি উদ্বুদ্ধ করেছেন অল রাউন্ডার রিয়াদকে। আয়ারল্যান্ডের বিপক্ষে শেষ ম্যাচে হার না মানা ৪৯'র অতৃপ্তি কাটেনি রিয়াদের, একই ভেন্যুতে ফিরতি ম্যাচেও তিনি নটআউট ৪৯! ৪র্থ উইকেট জুটিতে রিয়াদ-ফরহাদের ১৩২ পার্টনারশিপ ম্যাচ থেকে ছিটকে ফেলেছে আবাহনীকে। জয়ের কাছাকিছি এসে মাত্র ২ রানে তিন ব্যাটসম্যানকে হারালে খানিকটা উত্তেজনা ভর করে ম্যাচে, লো স্কোরিং ম্যাচে শেষ পর্যন্ত ভিক্টোরিয়াকে জিততে খেলতে হয়েছে ৫০তম ওভার পর্যন্ত। ৫ বল হাতে রেখে ম্যাচ জিতেছে ভিক্টোরিয়া। এই ম্যাচে আবাহনীর বোলারদের মধ্যে আরাফাত সানি অসাধারণ বল করেছেন (১০-১-১৮-৩)। ৮ ম্যাচে এটি ভিক্টোরিয়ার ৩য় জয়, অন্যদিতে প্রথম হার আবাহনীর।

চির প্রতিদ্বন্দ্বী আবাহনীর হারের দিনে জয় উদযাপন করেছে মোহামেডান। গতকাল বিকেএসপিতে ৩৩ রানে হারিয়ে দিয়েছে তারা কলাবাগানকে। টসে হেরে মোহামেডান ব্যাট করতে নেমে রাকিবুলের ৮০ এবং আকিলের ৬১তে ভর করে ২৩৫ রানে অলআউট হয়। অসাধারণ বোলিং করেছেন কলাবাগান পেস বোলার আসলাম খান (১০-১-৪১-৫)। জুপিটারও দারুণ বোলিং করেছেন (৩/৪৯)। জবাব দিতে এসে মোহামেডানকে দুর্ভাবনায় ফেলে দিয়েছিলেন কলাবাগানের ২ ওপেনার। ১০৫ রানের এই পার্টনারশিপ ভেঙ্গে দেয়ার পর মোহামেডানের জয়ের পথ সুগম হয়। নিয়মিত বিরতিতে উইকেট পতনে ম্যাচে ফিরতে পারেনি কলাবাগান। প্রয়োজনীয় সময়ে ব্রেক থ্রু'ই শুধু দেননি মোহামেডানের পাকিস্তানি রিক্রুট আকিল আরশাদ, কলাবাগানের তিন শিকার পকেটে পুরেছেন তিনি ৩২ রানে। গত ম্যাচের মতো এই ম্যাচেও ইকোনমি বোলিং করেছেন বাঁহাতি স্পিনার রাজ (২/২৬)। কলাবাগান ওপেনার নাজমুস সাদত ৪৯ এবং শাহাবাজ ভাট ৬৪ রান করেন। এটি কলাবাগানের ৬ষ্ঠ হার।

বিকেএসপির ১ নম্বর মাঠে বিমান ৪৩ রানে হারিয়ে দিয়েছে ডিওএইচএসকে। টপ এবং মিডল অর্ডারের ব্যাটিং নির্ভরতায় ২৩৭/৭ স্কোর পেয়েছে বিমান। সর্বোচ্চ ৬৩ রান এসেছে নাফিস ইকবালের ব্যাটে। ছোট ভাই তামীমের সঙ্গে ৫৫ রানের ওপেনিং পার্টনারশিপে লড়াকু পুঁজির উপায় পায় বিমান। দ্বিতীয় উইকেট জুটির ১০২ রানে যা সম্ভব হয়েছে। মোশারফ রুবেল তিন নম্বরে ব্যাট করে ৫৪ এবং পিতৃহারা কাপালী ৪ নম্বরে ব্যাট করে করেছেন ৪২। ডিওএইচএস'র বোলিং এ্যাটাকে মেহরাব জুনিয়র (৩/৪২) ছাড়া অন্য কোন বোলার আশ্বস্ত করতে পারেনি। জবাব দিতে এসে ডিওএইচএস দ্বিতীয় ওভারে ওপেনিং ব্যাটসম্যান রাজিনকে হারিয়ে যে ধাক্কা খায়, তা সামাল দেয়া সম্ভব হয়নি। ৮ রাউন্ড শেষে বিমানের সংগ্রহ ১৫, রেলিগেশনের শঙ্কায় কলাবাগানের সংগ্রহ এখন পর্যন্ত মাত্র ৪ পয়েন্ট।

গতকাল ধানমন্ডী ক্রিকেট স্টেডিয়ামে সোনারগাঁ প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ম্যাচে পেগাসাসকে হারিয়েছে মাত্র ২ রানে। টপ এবং মিডল অর্ডার ব্যাটসম্যানদের গড়পড়তা সংগ্রহে ২৪৮ রানের পুঁজিকে জয়ে পরিণত করেছে সোনারগাঁ কামরুল (২/৪০), সাইফ মাহামুদ (২/৩৫) এবং ইলিয়াস সানির (২/৪৭) বোলিংয়ে। সোনারগাঁর এটি ২য় জয়, অন্যদিকে ৮ম হার পেগাসাসের।

ফতুল্লা স্টেডিয়ামে পাইলটের ক্যাপ্টেনস নক ৫৪ এবং নাইমের ৪০-এ ২০১/৯ স্কোরকে ৮৫ রানের জয়ে পরিণত করেছে সূর্যতরুণ। জায়ান্ট কিলার হিসেবে আত্মপ্রকাশ করা প্রিমিয়ারের আর এক নবাগত বিকেএসপির বিরুদ্ধে এই জয়ে সুপার লীগের সম্ভাবনা উজ্জ্বল করেছে তারা। বিকেএসপিকে মাত্র ১১৬ রানে গুঁড়িয়ে দিয়েছে সূর্যতরুণ মনোয়ারের বিধ্বংসী বোলিংয়ে (১০-৩-১৭-৫)। অলরাউন্ড পারফর্ম করেছেন নাইমও, ৪০ রানের পাশাপাশি ২০ রানে ৩ উইকেট শিকার করেছেন তিনি। সূর্যতরুণের এটি ৪র্থ জয়, অন্যদিকে বিকেএসপির এটি চতুর্থ হার।

একই মেজাজে আছেন স্মিথ-ম্যাকেঞ্জিরা

স্পোর্টস রিপোর্টার

চেন্নাইয়ের চিদাম্বরাম স্টেডিয়ামের উইকেট প্রথমদিকে ব্যাটিং ফ্রেন্ডলিই হয়। কিন্তু দিন গড়ানোর সাথে সাথে স্পিনের মায়াজালে এটা হয়ে পড়ে ব্যাটসম্যানদের বধ্যভূমি। তাই দঃআফ্রিকান স্কিপার গ্রায়েম স্মিথ টসে জিতে ব্যাটিং নিতে সময় নেননি এক সেকেন্ডও। ৪ উইকেটে ৩০৪ রান তুলে ব্যাটসম্যানরাও প্রত্যয়ী সূচনা এনে দিয়েছেন দলকে। বাংলাদেশের বোলারদের খেলে যে আত্মবিশ্বাসটা জন্মেছিল প্রোটিয়াস ব্যাটসম্যানদের তাতেই আসলে পুড়তে হয়েছে কুম্বলেদের। সেঞ্চুরি ছুঁই ছুঁই ইনিংস খেলে স্মিথ আর ম্যাকেঞ্জি ফিরলেও ৮৫ রানে অপরাজিত থেকে এখনও সেঞ্চুরির আশাটা জাগিয়ে রেখেছেন হাশিম আমলা। দঃ আফ্রিকা আজ স্কোরটা ৪৫০ প্লাস করতে পারলে ভারত কিন্তু নিজেদের মাঠেই বেশ চাপে পড়ে যাবে।

বাংলাদেশের বিপক্ষে খেলা সর্বশেষ টেস্টে ওপেনিং জুটিতে বিশ্ব রেকর্ড করেছিলেন স্মিথ আর ম্যাকেঞ্জি। ভারতের সাথে তারা যেন শুরু করেছিলেন ঠিক সেখান খেকেই। লাঞ্চের আগে মাত্র ২৫ ওভারে অবিচ্ছিন্ন থেকে ১০৯ রান তুলেছিলেন দু'জন। শেষ পর্যন্ত তাদের জুটিটা ভাঙ্গে ১৩২ রানে। প্রচণ্ড গরমে কাহিল স্মিথ কুম্বলের সাধারণ একটা বলে ক্লান্তি মেশানো শট খেলে শর্ট মিড উইকেটে ক্যাচ তুলে দেন লক্ষণকে। অবশ্য ৫৩ রানে শ্রীশান্তের বলে একবার জীবন পেয়েছিলেন তিনি। শ্রীশান্তের অফস্ট্যাম্পের বাইরের বলে ড্রাইভ করতে গিয়ে স্মিথ ক্যাচ তুলে দেন ধোনিকে। ১.১২ সেকেন্ড গ্লাভসে রাখার পর বলটি হাত ফস্কে যায় ধোনির। নিয়ম অনুযায়ী এটি ক্যাচ হলেও আম্পায়ার আসাদ রউফ দেননি সেটা। টি ব্রেকের পর হরভজনের বলে জাফর শর্ট লেগে ক্যালিসের ক্যাচ নিলেও আঙ্গুল তুলেননি রউফ। তবে ক্যালিস নিজেই 'হাঁটা' দেয়ায় উইকেটটি পেয়ে যান হরভজন। চা বিরতির আগেই অবশ্য ম্যাকেঞ্জিকে হারিয়ে বসেছিল দঃ আফ্রিকা। সেঞ্চুরি থেকে মাত্র ৬ রান দূরে থাকতে হরভজনের বলে স্লিপে দ্রাবিড়কে ক্যাচ দিয়ে ফিরেন গিবসের বদলে টেস্ট দলে সুযোগ পাওয়া এই ওপেনার। দিনের খেলা শেষের আধাঘণ্টা আগে কুম্বলের সাদামাটা একটা বল মারব কি

ছাড়ব করতে করতে উল্টো কুম্বলেকেই ক্যাচ দিয়ে বসেন প্রিন্স। অবশ্য বাঁহাতে নেয়া কুম্বলের ড্রাইভিং ক্যাচটিও ছিল দৃষ্টিনন্দন। এ সময় প্রিন্সের উইকেট না গেলে আরও স্বস্তিতেই রাতটা কাটত স্মিথদের। সিরিজ শুরুর আগে দু'দলের অধিনায়ক ঠিক করেন ম্যাচ চলাকালীন স্লেজিং করবে না কেউই। তাই অস্ট্রেলিয়ায় যে উত্তেজনা ছিল সেটা দেখা যাবে না এবারের সিরিজে।

গ্রেফতারের পর জামিনে মুক্ত ডালমিয়া

ইন্টারনেট ঃ বিসিসিআই ও আইসিসি'র সাবেক প্রেসিডেন্ট জগমোহন ডালমিয়াকে ২.৯ কোটি রুপি আত্মসাতের দায়ে গ্রেফতার করা হয়েছে। মুম্বাইয়ের ইকোনমিক অফিনেন্স উইং গতকাল ডালমিয়ার দুর্নীতি মামলার চার্জশিট জমা দিয়েছে। একই দিন কোর্টে হাজিরা দিতে আইনজীবীসহ উপস্থিত হলে গ্রেফতার করা হয় ডালমিয়াকে। পরে অবশ্য ২৫ হাজার টাকা মুচলেকার বিনিময়ে জামিনে ছাড়া পান তিনি। ২০০৬ সালে বিসিসিআই'র নতুন দায়িত্ব গ্রহণের পর বিসিসিআই'র নতুন প্রেসিডেন্ট শারদ পাওয়ার এই মামলাটি করেছিলেন। মামলায় উল্লেখ করা হয়, বিসিসিআই'র দায়িত্ব পালনের সময় ডালমিয়া তার টেলিফোন বিল বাবদ এই পরিমাণ অর্থ দেখিয়ে সেটি আত্মসাত করেন। ডালমিয়া অবশ্য শুরু থেকেই এই অভিযোগ অস্বীকার করে আসছেন। গতকাল ডালমিয়ার সহকারী কে এম চৌধুরীকেও গ্রেফতার করা হয়েছিলো। তিনিও জামিনে মুক্তি পেয়েছেন।

বার্সেলোনা ছেড়ে ইন্টারে যাচ্ছেন রোনাল্ডিনহো

ওয়েবসাইট

বিশ্বকাপের পর থেকেই রোনাল্ডিনহোর ন্যুক্যাম্প ছেড়ে যাবার গুজবটা হাওয়ায় ভাসছে। ব্রাজিলিয়ান এ প্লেমেকার সবসময়ই সেটা উড়িয়ে দিয়েছেন। বার বার বলেছেন, বার্সেলোনা ছেড়ে তিনি আপাতত কোথাও পাড়ি জমাচ্ছেন না। কিন্তু রোনাল্ডিনহোর সে দাবী মনে হয় রাখতে পারছেন না। পড়তি ফর্মের কারণে বার্সা ছাড়ার যে গুজব মিডিয়ায় চলছে সেটাই সম্ভবত ফলে যাচ্ছে। ন্যুক্যাম্প ছেড়ে এ ব্রাজিলিয়ান নতুন ঠিকানা গড়তে যাচ্ছেন ইতালির ইন্টারমিলান। সিরি এ চ্যাম্পিয়ন ইন্টারমিলানের সাথে নাকি তার প্রায় চূড়ান্ত কথাবার্তা হয়ে গেছে। ইতালির একজন সোর্স নাকি তথ্য প্রকাশ করেছেন। তার দাবী রোনাল্ডিনহো এ গ্রীষ্মে অবশ্যই বার্সা ছেড়ে মিলানের পক্ষে নাম লেখাবেন। আগামী সপ্তাহে রোনাল্ডিনহোর এজেন্ট বার্সার ম্যানেজমেন্ট স্পন্সর স্পোর্টস সামগ্রী প্রস্তুতকারী প্রতিষ্ঠান নাইকি ও ইন্টারের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হবে? যদিও বার্সেলোনা রোনাল্ডিনহোকে বিক্রি করতে চায় না। কিন্তু সংবাদটিতে দাবী করা হয় ৬০ মিলিয়ন পাউন্ডে রোনাল্ডিনহোকে বিক্রি করতে ক্যাটালনের ক্লাবটি রাজি। তারা নাকি এ চুক্তিতে ইন্টার গোলরক্ষক জুলিও সিজারকে অন্তর্ভুক্তির দাবী জানিয়েছিল। কিন্তু ইন্টার তা নাকচ করে দিয়েছে। বিকল্প হিসেবে ইন্টারের ইতালিয়ান ডিফেন্ডার মার্কো ম্যাটারাজ্জির নামটি অন্তর্ভুক্ত হতে পারে। ইন্টার ছাড়াও মিলানের আরেক ক্লাব এসি মিলানের সাথেও রোনাল্ডিনহোর নামটি উঠে আসছিল। কিন্তু মিলান প্রেসিডেন্ট সে সম্ভাবনা উড়িয়ে দিয়েছে এই বলে যে, তারা রোনাল্ডিনহোকে কেনার কোনদিনই পরিকল্পনা করেননি। মিলানের প্রতিবেশী ইন্টার কিন্তু তাকে পেতে মরিয়া। রোনাল্ডিনহোর বার্সার সময়টা বেশ কিছুদিন ধরেই ভালো যাচ্ছে না। বাজে ফর্মের কারণে প্রথম একাদশে নিজের জায়গা করে নিতেও বেগ পেতে হচ্ছে তাকে। তবে তার ক্লাব সতীর্থ মিলিটোর বিশ্বাস রোনাল্ডিনহো এখনও বিশ্বের সেরা– 'রোনাল্ডিনহো খারাপ সময়ের মধ্যে যাচ্ছে। কিন্তু সবদিক থেকেই সে এখনও নাম্বার ওয়ান'। আর্জেন্টাইন মিলিটো তার পক্ষে সাফাই গাইলেও ব্রাজিল কোচ কার্লোস ডুঙ্গা কিন্তু সুপারস্টারের তকমার কারণেই রোনাল্ডিনহোকে দলে নিতে চান না। ডুঙ্গার সাফ কথা, ব্রাজিল দলের জার্সি

গায়ে চাপাতে হলে তাকে পারফর্ম ও ফিটনেস দিয়েই অর্জন করে নিতে হবে। ব্রাজিল কোচ শুধু রোনাল্ডিনহোকেই সতর্ক করে দেননি এসি মিলনারে কাকার উদ্দেশেও একই কথা বলেন । কারণ তার বিশ্বাস সুপারস্টার রোনাল্ডিনহো কিংবা কাকা ছাড়াও ব্রাজিল দলে আরো মানসম্পন্ন ফুটবলার আছে, 'সবাইকে তার যোগ্যতা প্রমাণ করতে হবে। জনগণ তাদের নিয়ে আলোচনা করে শুধু এ কারণে আমরা কাউকে খেলতে বাধ্য করতে চাই না।'

দেশে ফিরে যেতে হল ক্যামেরুনের ৭ ফুটবলারকে

স্পোর্টস রিপোর্টার ঃ গতকাল সন্ধ্যা সাড়ে ৭টায় এমিরেটস ফ্লাইটে ঢাকায় অবতরণের পর পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি না থাকায় ক্যামেরুনের ৭ ফুটবলারকে ইমিগ্রেশন পুলিশ ফিরতি ফ্লাইটে আজ দেশে ফেরত পাঠাচ্ছে। ঢাকার ঘরোয়া ফুটবলে খেলতে এসব ফুটবলার ক্যামেরুন থেকে এসেছিলেন, বিমানবন্দর থেকে অন এরাইভাল ভিসা পাবেন এ নিশ্চয়তায়। মোহামেডান এবং আবাহনীর আমন্ত্রণে তারা ঢাকায় এসেছেন বলে বিমানবন্দরে নেমে দাবি করলেও এই ৭ ফুটবলারকে বিমানবন্দর থেকে ক্লাবে নিতে আসেননি মোহামেডান আবাহনীর কোন অফিসিয়াল। এ ৭ ফুটবলারের মধ্যে বিগত সময়ে আবাহনীর ক্যামেরুন ফুটবলার সুলাইমান আছেন। অভি নামের মোহামেডানের এক অফিসিয়ালের আমন্ত্রণ পেয়ে তারা ঢাকায় এসেছেন বলেও জানিয়েছেন ক্যামেরুন ফুটবলাররা। তবে তাদের এই দাবির সত্যতা খুঁজে পায়নি ইমিগ্রেশন পুলিশ। মোহামেডানের এক অফিসিয়ালও ঘটনাটি শুনে বিস্মিত হয়েছেন। তাদের পক্ষ থেকে কোন ধরনের অফার দেয়া হয়নি ঐসব ক্যামেরুন ফুটবলারদের। এ তথ্যই দিয়েছেন তিনি। পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমতি না থাকায় আজ সকালে এমিরেটসের ফ্লাইটে ফিরে যেতে হচ্ছে তাদের।

ফ্লেমিংয়ের বিদায়ী সিরিজটা পকেটে পুরল ইংল্যান্ড

ওয়েবসাইট

চতুর্থ দিন শেষেই নিশ্চিত হয়ে গিয়েছিল নেপিয়ার টেস্টের পাশাপাশি ফ্লেমিংয়ের বিদায়ী সিরিজটাও হারতে চলেছে নিউজিল্যান্ড। গতকাল ইংল্যান্ড সেই আনুষ্ঠানিকতাটা সারলো লাঞ্চের পরপরই। জয়ের জন্য ৫৫৩ রানের পেছনে ছোটা নিউজিল্যান্ডকে ৪৩১ রানে অলআউট করে ইংল্যান্ড ম্যাচটা জিতল ১২১ রানে। সে সাথে পিছিয়ে পড়েও ভনের দল ৩ ম্যাচের টেস্ট সিরিজটা জিতল ২-১ ব্যবধানে। ২০০৫ সালে দঃ আফ্রিকার পর ৩ বছরের ব্যবধানে এই প্রথম বিদেশের মাটিতে কোন টেস্ট সিরিজ জিতল ইংল্যান্ড। আর প্রথম টেস্ট জয়ের পরও এনিয়ে ৩ বার সিরিজ হারল নিউজিল্যান্ড। এর আগে ১৯৯৪-৯৫ মৌসুমে দঃ আফ্রিকা আর ১৯৯৭-৯৮ মৌসুমে শ্রীলংকার সাথে প্রথম টেস্ট জিতেও সিরিজ হেরেছিল তারা।

দ্বিতীয় ইনিংসে ক্যারিয়ার সেরা ৬ উইকেট নিয়ে কিউইদের ডানা কাটেন মন্টি পানেসার। ৪র্থ দিনের ৫ উইকেটে ২২২ রান নিয়ে খেলতে নেমে গতকাল লাঞ্চের পর ৪৩১ রানে অলআউট হয় নিউজিল্যান্ড। টেস্ট অভিষিক্ত ১৯ বছর বয়সী সাউদির ৪০ বলে ৪ বাউন্ডারি আর ৯ ছক্কায় ৭৭ রানের ইনিংসের কারণেই আসলে স্কোরটা ৪০০ পেরিয়ে যায় তাদের। সাউদির ২৯ বলে ৫০ রান টেস্ট ইতিহাসের ৬ষ্ঠ আর নিউজিল্যান্ড ব্যাটসম্যানদের মধ্যে সবচেয়ে দ্রুততম ফিফটির রেকর্ড। প্রথম ইনিংসে ৫ উইকেট নেয়া সাউদি গতকাল শেষ উইকেট জুটিতে মার্টিনের সাথে গড়েন ৮৪ রানের জুটি। তবে প্রথম ইনিংসে ৭ উইকেট নেয়া রায়ান সাইডবটমই জিতেছেন ম্যান অব দ্য ম্যাচ আর ম্যান অব দ্য সিরিজের পুরস্কার। ম্যাচ শেষে ভন বললেন, 'এবারের সিরিজে লড়াই করেই জিতেছি আমরা। দ্বিতীয় টেস্টে ১২০ রানে ৫ উইকেট হারানোর পর অ্যামব্রোস আর কলিংউডের ১৬৪ রানের জুটিটা ম্যাচ জিতিয়েছে আমাদের। তেমনি এই টেস্টের প্রথম ইনিংসেও ৩ রানে

৪ উইকেট হারানোর পর পিটারসেনের ১২৯ রানে লড়াই করার পুঁজি পেয়েছিল বোলাররা। মোট কথা সব ডিপার্টমেন্টেই ভালো খেলে জিতেছি আমরা'।

নিউজিল্যান্ডের সর্বকালের সেরা ব্যাটসম্যান তথা অধিনায়ক স্টিফেন ফ্লেমিংয়ের বিদায়ী সিরিজ ছিল এটা। তার ৪০.০৬ গড়ে ৭১৭২ রান টেস্ট ইতিহাসের ৩১ তম সেরা। তবে ১১১ টেস্টে ৫৫ বার ফিফটি প্লাস ইনিংস খেলে মাত্র ৯ বারই সেঞ্চুরির দেখা পেয়েছিলেন ৩৪ বছর বয়সী এই ব্যাটসম্যান। যার শতকরা হার ১৬.৩৬। যে কারণে বিদায় বেলায় তিনি হাসতে হাসতেই বললেন, 'শেষ ইনিংসে সেঞ্চুরি পেলেই বরং অবাক হতাম আমি'।

ইংল্যান্ড ঃ ২৫৩ ও ৪৬৭/৭ ডিঃ

নিউজিল্যান্ড ঃ ১৬৮ ও ৪৩১/১০;১১৮.৫ ওভার ঃ টেইলর ৭৪, ম্যাককুলাম ৪২, ভেট্টোরি ৪৩, সাউদি ৭৭ অপঃ; পানেসার ৬/১২৬, ব্রড ২/৭৮

ম্যান অব দ্য ম্যাচ ঃ সাইডবটম

ম্যান অব দ্য সিরিজ ঃ সাইডবটম।

ডিএফএ-এর বৈধতার ইজিএম আজ

স্পোর্টস রিপোর্টার

প্রস্তুতি সম্পন্ন, আজ বাফুফের বিশেষ সাধারণ সভা (ইজিএম)। বিশেষ সাধারণ সভার এজেন্ডা বাফুফের গঠনতন্ত্রে দুটি সংশোধনী। বাফুফের গঠনতন্ত্রে বিভাগীয় এবং জেলা ফুটবল ক্রীড়া সংস্থার পরিবর্তে অনুমোদন দেয়া হবে বিভাগীয় এবং জেলা ফুটবল এসোসিয়েশন (ডিএফএ)। বাফুফের সাবেক কাউন্সিলররা (জেলা এবং বিভাগীয় ক্রীড়া সংস্থা) ডিএফএ-এর অনুমোদন দিয়ে যাবেন। ইজিএম-এ বাফুফের গঠনতন্ত্রে আরেকটি পরিবর্তন আসবে। সেক্রেটারিয়েল ৪টি পদ এবং কোষাধ্যক্ষের পদটি নির্বাচনের বাইরে রাখার অনুমোদন দেয়া হবে আজ। তবে বাফুফের নির্বাচনে ২১টি পদ সংকুচিত হবে না। সে ক্ষেত্রে সদস্য পদ ১০টির পরিবর্তে বাফুফের আসন্ন নির্বাচনে ১৫টি সদস্য পদে নির্বাচন হবে। সেক্রেটারিয়েল ৪টি পদ এবং কোষাধ্যক্ষ নিয়োগ হবেন বেতন ভিত্তিতে। আজ বেলা ১১টায় বাফুফে ভবনে শুরু হবে ইজিএম। ইজিএম-এ এএফসি'র দুই প্রতিনিধি উপস্থিত থাকবেন বলে বাফুফের সূত্রে জানা গেছে।

ফিফার গাইড লাইন অনুযায়ী সংশোধিত হচ্ছে বাফুফের গঠনতন্ত্র। বাফুফের সহ-সভাপতি সিরাজুল ইসলাম বাচ্চু জানালেন, ফিফার গাইড লাইন উপেক্ষা করার সুযোগ নেই। ইজিএম-এ ডিএফএ-এর বিষয়ে মেজরিটি আসুক বা না আসুক গঠনতন্ত্রে এই পরিবর্তন আনতেই হবে বাফুফেকে। বাফুফের গঠনতন্ত্রে আমুল এই পরিবর্তন প্রথম অবস্থায় মেনে নেয়নি ফেডারেশনের বাইরে থাকা ক্রীড়া সংগঠক এবং সরকার পক্ষ। এই নিয়ে আলোচনা-সমালোচনা বিস্তর হয়েছে। ডিএফএ গঠনে সরকারী সম্পৃক্ততা রক্ষার চেষ্টাও করা হয়েছিল সরকার পক্ষ থেকে। এই নিয়ে মালয়েশিয়ায় এএফসি প্রেসিডেন্ট মোহাম্মদ বিন হাম্মামের সাথেও সভা হয়েছে দুই বার। কিন্তু এএফসি এবং ফিফা ডিএফএ-এর পক্ষে অনড় অবস্থানেই থেকেছে।

গতবছর এপ্রিলে বাফুফের বর্তমান কমিটির চার বছরের মেয়াদ উত্তীর্ণ হয়েছিল। কিন্তু ফিফা বিশেষ ক্ষমতা বলে এবং শর্তসাপেক্ষে বাফুফের বর্তমান কমিটির মেয়াদ ১ বছর বাড়িয়ে দেয়। শর্ত পূরণ করে ২০০৮ সালের ৩০ এপ্রিলের মধ্যে নির্বাচনের পরামর্শ ছিল ফিফার। বর্ধিত এক বছরের মধ্যে সরকারী সম্পৃক্ততা ছাড়া ৬টি বিভাগীয় ফুটবল এসোসিয়েশন এবং ৬৪টি জেলা ফুটবল এসোসিয়েশন গঠন করে তাদের কাউন্সিলর করে বাফুফের নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করার পরামর্শ ছিল ফিফার। ফিফার এই প্রেসক্রিপশন অনুযায়ী ডিএফএ গঠন প্রক্রিয়া অনেক দূরই এগিয়েছে। ৬৪টি জেলা ফুটবল এসোসিয়েশনের মধ্যে বাফুফের ইতোমধ্যে ৫৬টি

জেলা ফুটবল এসোসিয়েশন গঠন সম্পন্ন হয়েছে। গঠন হওয়া এসব ডিএফএ-এর কাউন্সিলর নিয়ে অনুষ্ঠিত হওয়ার কথা বাফুফের আসন্ন নির্বাচন। কিন্তু বাফুফের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মনজুর হোসেন মালু জানিয়েছেন, আজ পর্যন্ত ডিএফএ গঠন সম্পন্ন করা যাবে।

ইজিএম-এর পরপরই শুরু হবে বাফুফের নির্বাচনী কর্মকাণ্ড। বাফুফে সূত্রে জানা গেছে, আজ থেকে কাউন্সিলর চেয়ে চিঠি পাঠাবে তারা। এর মধ্যে বাফুফের কার্যনির্বাহী কমিটির সভায় নির্বাচন কমিশন গঠন করা হবে। আগামী ২৮ এপ্রিল নির্বাচনের তারিখ চূড়ান্ত রেখে নির্বাচনী তফশীল ঘোষণা করবে নির্বাচন কমিশন।

শাহরুককে টক্কর দিতে আইসিএলে মিঠুন

ওয়েবসাইট

ভরা ক্রিকেট বাজারে এবার নেমে পড়লেন মিঠুন চক্রবর্তী। শাহরুখ খানের বন্ধু হিসেবে নয়, বকলমে তার প্রতিদ্বন্দ্বী হয়ে। শাহরুখ কিনেছেন আইপিএলের কলকাতা টিম। মিঠুন কিনে ফেললেন আইসিএলের কলকাতা টিম। শাহরুখ এ বছরের মতো তার আইপিএল শেষ করছেন জুনে। মিঠুন তার প্রথম আইসিএল শুরু করছেন সেই জুনেই। মিল একটুই। কারণ শাহরুখের মতো মিঠুন নিছক কোলকাতায় সন্তুষ্ট নন। তিনি চান কোলকাতা বেড়ে দাঁড়াক 'বাংলায়'। আইসিএলের চুক্তিপত্রে সই করে মিঠুন ঘোষণা করছেন, "আমার টিমের নাম বদলে হবে বেঙ্গল টাইগার্স।" আপাতত আইসিএলে দীপ-রোহনরা যে টিমের হয়ে খেলেন তার নাম ক্যালকাটা টাইগার্স। শাহরুখ আইপিএলের কলকাতা টিম কিনেছেন ২৯৬ কোটি রুপিতে। মিঠুনের অঙ্কটা কত জানার উপায় নেই। কেউ কেউ বলছেন ২০-২৫ কোটি। আবার কারও কারও সন্দেহ তিনি বেঙ্গল টাইগার্সের বিশাল অংশের শেয়ার কিনেছেন। টিমের ভাগ্যের সঙ্গেই তার শেয়ারবাজারের দর উঠবে নামবে। সুনিল গাভাস্কারের ক্যাপ্টেন্সিতে ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে একটা ফ্রেন্ডলি ক্রিকেট ম্যাচ খেলেছিলেন মিঠুন। বোলিং ওপেন করেছিলেন সেই ম্যাচে। ব্যাটিং ওপেন করেছিলেন গ্রিনিজ। টানা কয়েক বছর মুম্বাইয়ে রাজ কাপুর ট্রফিরও আয়োজন করেছিলেন মিঠুন। যেখানে কপিল থেকে শুরু করে সব টপ ইন্ডিয়ান ক্রিকেটাররা খেলতো। তার দীর্ঘদিনের বন্ধু কপিল দেবই কি মিঠুনকে টেনে আনলেন আইসিএলে? মিঠুনের উত্তর, 'না। কপিলের সঙ্গে এখনও কথা বলিনি। এখনও পর্যন্ত আলোচনাটা পুরোপুরি জিটিভি কর্তৃপক্ষের সঙ্গে আমার।' এর আগে আমির খান, কারিনা কাপুরও আইসিএলের দল কেনার আগ্রহ দেখিয়েছেন। তাই আইপিএল-আইসিএলের লড়াইটা এখন গড়িয়ে পড়েছে বলিউডেও।

বাংলাদেশের বিপক্ষে থাকছেন না আসিফ

স্পোর্টস রিপোর্টার ঃ ফিট কিনা– নির্বাচকরা আসিফের ব্যাপারে পিসিবির ক্লিয়ারেন্সের অপেক্ষায় ছিল। সেই ছাড়পত্র তারা পেলেন তবে সেটা খুশির নয়, হতাশার! হতাশার কারণ বাংলাদেশের বিপিক্ষে আসন্ন হোম সিরিজে তিনি খেলতে পারবেন না। পাকিস্তান কোচ লসন গতকাল করাচিতে আসিফের বাদ পড়ার খবর দেন। লসন বলেন, আসিফ নেটে বোলিং করা শুরু করলেও পুরোপুরি সেরে উঠেনি। কুনইয়ের সার্জারির কারণে গত অক্টোবর থেকে মাঠের বাইরে আসিফ। একই কারণে খেলতে পারেননি ২০০৭ বিশ্বকাপও। তবে ভারতের প্রিমিয়ার ক্রিকেট লীগ আইপিএলে খেলবেন আসিফ। পাকিস্তান কোচের বিশ্বাস আইপিএলে খেলার ফলে আসিফ তার আইডল অস্ট্রেলিয়ার সাবেক ফাস্ট বোলার ম্যাকগ্রার কাছ থেকে অনেক কিছুই শিখতে পারবেন। আইপিএলে আসিফ ও ম্যাকগ্রা দিল্লি জায়ান্টের পক্ষে খেলবেন। একমাসের এ সময়ে আসিফ নিজের ম্যাকগ্রার কাছ থেকে বোলিং টিপসের জন্য মুখিয়ে আছেন 'আমি তার কাছ থেকে অনেক কিছু শিখতে চাই। তিনি একজন গ্রেট বোলার।'

ম্যাচ বাঁচাতে লড়ছে উইন্ডিজ

স্পোর্টস রিপোর্টার

উইন্ডিজের মাটিতে এখনও টেস্ট ম্যাচ জিততে পারেনি শ্রীলংকা। সে খরা কাটানোর সুযোগ গায়ানায় এসেছিল। দ্বিতীয় ইনিংস ৭ উইকেটে ২৪০ রানে ডিক্লেয়ার করে ইতিহাস গড়ার চ্যালেঞ্জটা নিয়েছিলেন শ্রীলংকা অধিনায়ক জয়াবর্ধনে। ওয়েস্ট ইন্ডিজের সামনে ১১৩ ওভারে ৪৩৭ রানে টার্গেট তিনি ছুঁড়ে দিয়েছিলেন। ভাসের বলে ডুয়াইন স্মিথ মাত্র ১০ রান করে আউট হলে শ্রীলংকা ইতিহাস গড়ার স্বপ্ন আরো উজ্জ্বল হয়ে ওঠে। কিন্তু মেকশিপ্ট ওপেনার ব্রাভো ও সারওয়ান অপূর্ব কিছু স্ট্রোক খেলে চতুর্থ দিনের শেষে দলকে ১ উইকেটে ৯৬ রানে পৌঁছে দেন। যে কারণে শ্রীলংকার ইতিহাস গড়ে প্রথম টেস্ট জয় ঠেকানো নয় বরং গতকাল উইন্ডিজ ইতিহাস গড়ে জেতার লক্ষ্য নিয়েই ব্যাট করতে নামতে পারে। ৪৩৭ রান করে জিতলে চতুর্থ ইনিংসে সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ড গড়ার সুযোগ ছিল উইন্ডিজের। কাজটা কঠিন হলেও ২০০৩ সালে এন্টিগায় অস্ট্রেলিয়ার বিপক্ষে ৪১৮ রান (সর্বোচ্চ রান তাড়া করে জয়ের বিশ্বরেকর্ড) তারা করে জয় থেকে পাওয়া অনুপ্রেরণা ছিল তাদের সাথে। ওই ম্যাচে চন্দরপল ও সারওয়ান সেঞ্চুরি করে জিতিয়েছিলেন। ব্রাভোকে নিয়ে সেই ইতিহাসের পুনরাবৃত্তির স্বপ্ন দেখাচ্ছিলেন সারওয়ান গায়ানাতেও। কিন্তু গতকাল খেলার পঞ্চম দিনে একটু ধীরেই ব্যাট করেন ব্রাভো সারওয়ানরা। তাদের খেলা দেখে মনে হচ্ছিল জয় নয় ম্যাচ বাঁচানোটাই মুখ্য। নইলে লাঞ্চের আগে খেলা৩৩ ওভারে ৭৪ (গড় ২.২৪) রান হতো না। এ রিপোর্ট লেখা পর্যন্ত ৪ উইকেটে ১৯৪ রান করেছে তারা। স্মিথ ১০, ব্রাভো ৮৩, স্যামুয়েলস ১০ এবং চন্দরপল ৩ রান করে ফিরে গেছেন। সারওয়ান ৬৬ ও গেইল ৪ রানে রানে ব্যাট করছিলেন। জিততে হলে বাকি ৪৩ ওভারে করতে হবে তাদের আরো ২২৪ রান।

এর আগে শ্রীলংকা ১৯৬ রানে লিড পেয়ে চতুর্থ দিন পুনরায় ব্যাট করতে নেমে আরেকটা দারুণ সূচনা পেয়েছিল ওয়ার্নাপুরা ও ভ্যানডর্টের কাছ থেকে। কিন্তু লাঞ্চ ও চা বিরতির মাঝে নিয়মিত বিরতিতে ৪ উইকেট হারায়। চা বিরতির পর আরো দুটি উইকেট হারায় তারা দ্রুতই। কিন্তু সামারাভীরা ফিফটি করার পরই জয়াবর্ধনে দ্বিতীয় ইনিংস ঘোষণা করে দেন। ক্যারিয়ারের প্রথম টেস্ট খেলা সুলায়মান বিন ৩ উইকেট নেন। প্রথম ইনিংসের সেঞ্চুরিয়ান ওয়ার্নাপুরা ৬২ রান করেন।

শ্রীলংকা ঃ ৪৭৬/৮ ডিক্লেয়ার্ড ও ২৪০/৭ ডিক্লেয়ার্ড; ভ্যানডর্ট ২৪, ওয়ার্নাপুরা ৬২, জয়াবর্ধনে ৩৩, সামারাভিরা ৫৬; সুলায়মান ৩/৫৯, ব্রাভো ২/৫৪

ওয়েস্ট ইন্ডিজ ঃ ২৮০ ও ১৯৪/4; ব্রাভো ৮৩, সারওয়ান ৬৬ (অপঃ),; ভাস ৩/৪২।

সংক্ষিপ্ত খবর

আইসিসিতেই থাকছেন গাভাস্কার –বিসিসিআই ঃ আইসিসি'র একটি দায়িত্বশীল পদে থাকার পরও মিডিয়াতে সংশ্লিষ্টতার কারণে ভারতের সাবেক অধিনায়ক সুনীল গাভাস্কার চাকরি হারাতে যাচ্ছেন, এ ধরনের খবর বেশ কয়েকদিন ধরেই মিডিয়াতে প্রচার হয়ে আসছিলো। কিন্তু গতকাল বিসিসিআই'র এক বিবৃতিতে জানানো হয়েছে স্বপদেই বহাল থাকছেন গাভাস্কার।

যাত্রাবাড়ী এবং আরামবাগের জয় ঃ সিনিয়র ডিভিশন ফুটবল লীগের সুপার সিক্সে গতকাল জয় পেয়েছে যাত্রাবাড়ী ক্রীড়া চক্র। গতকাল তারা ২-০ গোলে হারিয়েছে ঢাকা ওয়ান্ডারার্স ক্লাবকে। বিজয়ী দলের শরিফুল দুটি গোল করেছেন। সিনিয়র ডিভিশন ফুটবল লীগের রেলিগেশন পর্বে জয় পেয়েছে আরামবাগ ক্রীড়া সংঘ। গতকাল তারা ৫-০ গোলে হারিয়েছে দিপালী যুব ও ক্রীড়া সংঘকে। আরামবাগের পক্ষে পারভেজ ২টি, টুটুল,

শাহাজাদা ও রিন্টু ১টি করে গোল করেছেন।

স্বাধীনতা দিবস ব্যাডমিন্টন ঃ স্বাধীনতা দিবস ব্যাডমিন্টন প্রতিযোগিতা আগামীকাল থেকে উডেন ফ্লোরে অনুষ্ঠিত হবে। ব্যাডমিন্টন ফেডারেশনের সভাপতি বাংলাদেশ সরকারের সচিব ও বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান কামালউদ্দিন আহমেদ প্রতিযোগিতার উদ্বোধন করবেন। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়দের আগামীকাল সকাল নয়টায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম সংলগ্ন উডেনফ্লোর জিমন্যাসিয়ামে উপস্থিত থাকতে বলা হয়েছে।

বুস্ট পাওয়ার কাপ ক্রিকেট ঃ বুস্ট পাওয়ার কাপ অনূর্ধ্ব-১৩ ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল জয় পেয়েছে কলাবাগান ক্রীড়া চক্র এবং মেপললীফ ইন্টারন্যাশনাল স্কুল। গতকাল কলাবাগান ক্রিকেট গ্রাইন্ডে কলাবাগান ক্রীড়া চক্র (২০০/৮) ১০৬ রানে রেডিয়েন্ট স্কুলকে (৯৪/১০) হারিয়েছে। অপর ম্যাচে মেপললীফ ইন্টারন্যাশনাল স্কুল (১৬৫/৪) ১৯ রানে হারিয়েছে প্যারামাউথ হাই স্কুলকে (১৩৯/৫)।

জিয়া ও নাসিরের জয় ঃ তৃতীয় কলকাতা ওপেন গ্র্যান্ড মাস্টার প্রতিযোগিতায় তৃতীয় রাইন্ডে জয় পেয়েছেন বালাদেশের গ্র্যান্ড মাস্টার জিয়াউর রহমান ও ফিদে মাস্টার সেখ নাসির আহমেদ। তৃতীয় রাউন্ড শেষে জিয়ার সংগ্রহ আড়াই পয়েন্ট। শেখ নাসির আহমেদ এবং ফিদে মাস্টার মেহেদী হাসান পরাগের সংগ্রহ দুই পয়েন্ট করে। জিয়া তৃতীয় রাউন্ডে মিসরের আইএম ফরহাদ আলীকে এবং নাসির ভারতের প্রফুল মেহতাকে হারিয়েছেন। পনেরটি দেশের ১১৩ জন দাবা খেলোয়াড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করছেন।

স্লেজিং নিষিদ্ধের বিপক্ষে অস্ট্রেলিয়া

ইন্টারনেট

বিসিসিআইসহ অন্যান্য ক্রিকেট বোর্ডগুলো যখন মাঠে স্লেজিং নিষিদ্ধ করার পক্ষে সেখানে উল্টো পথেই হাঁটলো ক্রিকেট অস্ট্রেলিয়া। তারা স্লেজিং নিষিদ্ধের বিপক্ষে বলে গতকাল দ্য হেরাল্ড সান পত্রিকাকে ক্রিকেট অস্ট্রেলিয়ার একজন মুখপাত্র জানিয়েছেন– 'আইসিসি'র বর্তমান কোড অব কন্ডাক্ট নিয়মটি স্লেজিংয়ের বিপক্ষে যথেষ্ট। কিন্তু একে পুরোপুরি নিষিদ্ধ করার পক্ষে নই আমরা।' শীর্ষস্থানীয় সেই কর্মকর্তা আরও জানান– 'কাউকে অপমানজনিত কিংবা জাতিগত বক্তব্য করার বিপক্ষে আমরা সবসময়ই বলে আসছি। তাই বলে মাঠে চুপ করে তো থাকা যাবে না। মাঠে মানসিক একটি লড়াইও হবে। এটাই তো ক্রিকেট। স্লেজিংকে নিষিদ্ধ করলে এতে বরং হিতে বিপরীত হবে। একে অন্যের বিরুদ্ধে অযথা অভিযোগ দেয়ার পরিমাণ বেড়ে যাবে অনেক। এতে আইসিসি বিব্রতকর অবস্থায় পড়বে বারবার।' অসি ফাস্ট বোলার স্টুয়ার্ট ক্লার্কও চান ক্রিকেটে যেন স্লেজিং নিষিদ্ধ না হয়।

বলিউডের ম্যারাডোনা

আর্জেন্টিনায় নতুন কোন প্রতিভাবান ফুটবলার এলেই ম্যারাডোনার সাথে সবাই মিলিয়ে দেখতে চায়। ম্যারাডোনার আকর্ষণ কম নয় উপমহাদেশেও। তাই বলে বলিউডের কোন অভিনেতার নাম হবে ম্যারাডোনা! এও ভাবা যায়। হ্যাঁ, সঞ্জয় গুপ্তের পাংক সিনোমায় বিপাশা বসুর সাথে অভিনয় করছেন ১৮ বছরের এই তরুণ। নাম ম্যারাডোনা রেবেলো বলেই তাকে নিয়ে আগ্রহী হয়ে উঠেছে ভারতীয় মিডিয়া। নিজের নাম সম্পর্কে তিনি বললেন, '১৯৮৬ বিশ্বকাপের সময় আমার জন্ম। বাবা আর্জেন্টিনার ভক্ত বলে বন্ধুদের সাথে পরামর্শ করে আমার নাম রেখে দেন ম্যারাডোনা। তবে আমি কিন্তু ফুটবল নয় জুডো খেলেছি জুনিয়র লেভেলে'।

ত্রিদেশীয় ক্রিকেটে আনুষ্ঠানিক সম্মতি ভারত-পাকিস্তানের

স্পোর্টস রিপোর্টার

সম্প্রতি দুবাইয়ে আইসিসি'র সভায় যোগ দিয়ে আগামী জুনে বাংলাদেশে ত্রিদেশীয় ওয়ানডে সিরিজ আয়োজনে বিসিসিআই এবং পিসিবির গ্রীন সিগন্যাল পেয়েছিলেন বিসিবি প্রতিনিধি গাজী আশরাফ হোসেন লিপু। ঢাকায় পা রেখে ত্রিদেশীয় ওয়ানডে টুর্নামেন্ট আয়োজনে অচলাবস্থা নিরসনের কথা উল্লেখ করেছিলেন ঐ অফিসিয়াল। গত পরশু আনুষ্ঠানিকভাবে ত্রিদেশীয় ওয়ানডে সিরিজে সম্মতির কথা জানিয়েছে এই দুই বোর্ড। আগামী ২৪ জুন পাকিস্তানে অনুষ্ঠেয় এশিয়া কাপের আগে এই টুর্নামেন্ট আয়োজনে বিসিবিকে প্রস্তাব দিয়েছে বিসিসিআই এবং পিসিবি। ক্রিকইনফোকে দেয়া সাক্ষাৎকারে এ কথাই বলেছেন পাকিস্তান ক্রিকেট বোর্ড চেয়ারম্যান নাসিম আশরাফ।

ভারতের বিলিয়ন ডলারের আইপিএল আগামী ১ জুন সম্পন্ন হবার কথা, এশিয়া কাপ মাঠে গড়াবে ২৪ জুন। এই দুই আসরের মাঝে একটি স্লট খুঁজে বের করে ত্রিদেশীয় টুর্নামেন্ট আয়োজনের প্রস্তাব তাদের পক্ষ থেকে বিসিবিকে দেয়া হয়েছে বলে জানিয়েছে ঐ দুই ক্রিকেট বোর্ড। ত্রিদেশীয় টুর্নামেন্টের পরিধি সংক্ষিপ্ত করতে ৮ থেকে ১৫ জুনের মধ্যে তা আয়োজনের প্রস্তাব তাদের। আইপিএল শেষে ১ সপ্তাহ এবং এশিয়া কাপের আগে ১ সপ্তাহের বিশ্রাম খেলোয়াড়দের দিতে এই স্লট খুঁজে বের করেছে বিসিসিআই এবং পিসিবি। এক সপ্তাহের মধ্যে ত্রিদেশীয় ক্রিকেট টুর্নামেন্ট সম্পন্ন করতে ম্যাচের সংখ্যা কমিয়ে আনতে হবে, ডাবল লীগের পরিবর্তে সিঙ্গল লীগ ফরমেটে টুর্নামেন্ট আয়োজন করতে হবে– বিকল্প এই প্রস্তাবকে সাদরে মেনে নেয়া ছাড়া গত্যন্তর নেই বিসিবির।

২য় বিভাগ ক্রিকেট ১৫ এপ্রিল থেকে

স্পোর্টস রিপোর্টার ঃ মাঠ সংকটের কারণে দ্বিতীয় এবং তৃতীয় বিভাগ ক্রিকেট লীগ শুরু করতে বিলম্ব হচ্ছে। প্রথম বিভাগ ক্রিকেট লীগের প্রথম পর্যায়ের খেলা শেষ হলেও দ্বিতীয় এবং তৃতীয় বিভাগ ক্রিকেট লীগের খেলা শুরু করতে পারেনি সিসিডিএম। অবশেষে পর্যাপ্ত মাঠের সংকুলান করতে পেরে দ্বিতীয় এবং তৃতীয় বিভাগ ক্রিকেট লীগের খেলা আয়োজনের উপায় খুঁজে পেয়েছে সিসিডিএম। প্রিমিয়ার এবং প্রথম বিভাগ ক্রিকেটের সুপার লীগ যখন স্থগিত থাকবে তখন দ্বিতীয় এবং তৃতীয় বিভাগ ক্রিকেট লীগ মাঠে গড়ানোর সিদ্ধান্ত সিসিডিএমর। আগামী ১৫ এপ্রিল থেকে দ্বিতীয় এবং পরদিন থেকে তৃতীয় বিভাগ ক্রিকেট লীগ মাঠে গড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সিসিডিএম গত পরশুর সভায়। এই দুই বিভাগে ক্রিকেটারদের দলবদল আগামী ১ থেকে ৩ এপ্রিলের মধ্যে সম্পন্ন করতে চায় সিসিডিএম।

স্কোর কার্ড

ভারত-দ. আফ্রিকা

দঃ আফ্রিকা ১ম ইনিংস	রান	বল	৪	৬
স্মিথ ক লক্ষণ ব কুম্বলে	৭৩	৯৭	১৩	-
ম্যাকেঞ্জি ক দ্রাবিড় ব হরভজন	৯৪	১৫৬	১৮	-
আমলা অপরাজিত	৮৫	১৫৯	১০	-
ক্যালিস ক জাফর ব হরভজন	১৩	৪২	১	-

প্রিন্স ক ও ব কুম্বলে	২৩	৬০	২	-
ভিলিয়ার্স অপরাজিত	১০	২৬	১	-
অতিঃ (বা ১,লেবা ৪, ও ১)			৬	
মোট (৪ উইকেট, ৯০ ওভার)			৩০৪	

উইকেট পতন ঃ ১-১৩২, ২-১৯৬, ৩-২৪৪, ৪-২৯১

বোলিং ঃ আর পি সিং ১৪-১-৬৬-০, শ্রীশান্ত ১৫-৩-৬০-০, কুম্বলে ২৯-৮-৬১-২, হরভজন ২৬-২-৯২-২, শেবাগ ৬-১-১৮-০

অস্ট্রেলিয়া সফর বাতিলের হুমকি পাকিস্তানের

ইন্টারনেট ঃ নিরাপত্তার কারণে পাকিস্তান সফর স্থগিত করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া। আগামী এপ্রিলের এ স্থগিতকৃত সিরিজটি বিশ্বচ্যাম্পিয়নরা ২০০৯ সালে খেলার কথা দিয়েছে। কিন্তু কথা দেয়ার পরও নিশ্চিত হতে পারছে না পিসিবি। যদি ঐ সালে এপ্রিলে অস্ট্রেলিয়া পাকিস্তান সফরে না আসে তাহলে বছরের শেষে অস্ট্রেলিয়া সফর বাতিল করে দিতে পারে পাকিস্তান। অস্ট্রেলিয়াকে এই হুমকিই দিয়েছে পাকিস্তান ক্রিকেটবোর্ড। এফটিফির মধ্যে থাকার পর অস্ট্রেলিয়া নিরপেক্ষ নিরাপত্তা পর্যবেক্ষক ও পাকিস্তানে অস্ট্রেলীয় হাইকমিশনের পরামর্শে পাকিস্তান সফর স্থগিত করে দিয়েছে বিশ্বচ্যাম্পিয়নরা। এজন্য বীমা কোম্পানীকে কারণ দর্শাতে হচ্ছে পিসিবিকে। অস্ট্রেলিয়ার বিপক্ষের সিরিজ নিয়ে ৭.৪ মিলিয়ন ডলারের বীমা করেছিল পিসিবি।

ভাসের অবসর ভাবনা

ইন্টারনেট ঃ শ্রীলংকার অভিজ্ঞ পেসার চামিন্দা ভাসের মাথাতেও এখন অবসরের ভাবনা এসে ভর করেছে। আগামী বছরই তিনি আর্ন্তজাতিক ক্রিকেটকে বিদায় জানাবেন বলে সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন। বর্তমানে উইন্ডিজ সফরে থাকা এই বোলার জানান– ‘আমি এই মুহূর্তে কোন চাপ অনুভব করছি না। বোলিংটাকে দারুণ উপভোগ করছি। তবে এটা ঠিক ক্যারিয়ারের একেবারে শেষ প্রান্তে এসে পৌঁছেছি। আগামী বছর অবসরের পরিকল্পনা আছে আমার।’ এই এক বছরের পরিকল্পনা সম্পর্কে ভাস জানিয়েছেন– ‘এখন আমি সময়কে টার্গেট না করে ম্যাচকে টার্গেট করছি। এই বছর আরও ৩ থেকে ৪টি টেস্ট খেলার সুযোগ আসবে। অবসরে যাওয়ার আগে স্মরণীয় কিছু করে যেতে পারলে বিষয়টি খারাপ হবে না।’

ক্লার্কের অ্যানগেজম্যান্ট পার্টি

ইন্টারনেট ঃ অস্ট্রেলিয়ার ভবিষ্যৎ অধিনায়ক মাইকেল ক্লার্ক আগামী সপ্তাহে সেরে ফেলবেন তার অ্যানগেজম্যান্ট পার্টি। প্রেমিকা লারা বিঙ্গেলের আঙ্গুলে পরিয়ে দেবেন আংটি। অ্যানগেজম্যান্ট উপলক্ষে জমকালো পার্টির আয়োজন করেছেন ক্লার্ক। সিডনির লুনা পার্কের সেই পার্টিতে আমন্ত্রণ জানানো হয়েছে ৩০০ দম্পতি এবং দু’পক্ষের আত্মীয়দের। লারা বিঙ্গেলের মা অ্যানগেজম্যান্ট বিষয়ে জানান– ‘ক্লার্ক রোমান্টিক এবং নির্ভরশীল একজন লোক। তাকে জামাই হিসেবে পেয়ে আমি খুব খুশি।’